গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৪৫.১৬.১৩৪ তারিখ: ২৪ চৈত্র ১৪২৫
০৭ এপ্রিল ২০১৯

বিষয়: **ডিজিটাল বাংলাদেশ পথে অগ্রযাত্রা শীর্ষক বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত।**

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং: ০৭.১২৫.০২০.০৭.০১.০০১.২০১৫.৩৫ তারিখ: ১৯/০৩/২০১৯

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ডিজিটাল বাংলাদেশ পথে অগ্রযাত্রা শীর্ষক প্রতিবেদন এতদৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।

৮-৪-২০১৯
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল: sas_s4@moedu.gov.bd

সচিব
অর্থ বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৪৫.১৬.১৩৪/১(২) তারিখ: ২৪ চৈত্র ১৪২৫
০৭ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৮-৪-২০১৯
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা- সমন্বয়
www.shed.gov.bd.

বিষয়ঃ ডিজিটাল বাংলাদেশ বিষয়ে গৃহীত পদক্ষেপ, অগ্রগতি এবং পরিকল্পনা এর উপর প্রতিবেদন

| ক্রমিক নং | গৃহীত পদক্ষেপসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | শিক্ষায় আই.সি.টি. ব্যবহারের মাধ্যমে শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষে মাল্টিমিডিয়া ক্লাশরুম চালু | • মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শ্রেণিকক্ষে পাঠদান পদ্ধতি আরো ফলপ্রসূ করার জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২০০৯ থেকে এ পর্যন্ত নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে ৩২,৬৬৭টি মাল্টিমিডিয়া ক্লাশরুম স্থাপন করা হয়েছে ;<br>• এ বিভাগের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মা.উ.শি.) “‘আইসিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প পর্যায়-২ শীর্ষক” প্রকল্পটির মাধ্যমে ৩১,৩৪০টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা এবং স্কুল অ্যান্ড কলেজ) ৪৬৩৪০টি মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হবে। |
| ২. | প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের পা পুস্তক ওয়েবসাইটে আপলোড ও ই-লার্নিং কনটেন্ট তৈরি | • প্রাক-প্রাথমিক ও মাধ্যমিক (কারিগরি ও মাদ্রাসাসহ) পর্যায়ের পাঠ্যপুস্তক এন.সি.টি.বি’র ওয়েবসাইট (www.nctb.gov.bd) এ আপলোড করা হয়েছে<br>• Teaching Quality Improvement in Secondary Education (T.Q.I.-S.E.P.)-II এর আওতায় ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের জন্য এন.সি.টি.বি. প্রণীত ১৬টি বইয়ের ইন্টারেকটিভ ডিজিটাল টেক্সট বুক প্রণয়ন করে এন.সি.টি.বি’র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে;<br>• Teaching Quality Improvement in Secondary Education (T.Q.I.-S.E.P.)-II এর আওতায় নবম ও দশম শ্রেণির জন্য ৬টি বিষয়ে ই ম্যানুয়েল প্রণয়ন এবং ৬টি বিষয়ে ই-লার্নিং (ইংরেজি, গণিত ও হিসাববিজ্ঞান এবং পদার্থবিদ্যা, রসায়ণ ও জীববিজ্ঞান) উপকরণ উন্নয়ন ও প্রস্তুত করা হয়েছে যা এন.সি.টি.বি’র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে ;<br>• Secondary Education Sector Improvement Program (S.E.S.I.P.) এর আওতায় ৭ম, ৮ম শ্রেণির ৬টি বিষয়ের উপর মোট ১২টি পা পুস্তক এর ই-লার্নিং কনটেন্ট তৈরি করা হয়েছে। |
| ৩. | শ্রেণি কক্ষে শিখন-শেখানো পদ্ধতিতে আই.সি.টি. ব্যবহারের লক্ষ্যে শিক্ষকদের মাধ্যমে ডিজিটাল কন্টেন্ট তৈরি | শ্রেণি কক্ষে শিখন-শেখানো পদ্ধতিতে আই.সি.টি ব্যবহারের লক্ষ্যে শিক্ষকদের মাধ্যমে ডিজিটাল কন্টেন্ট তৈরির কার্যক্রমসমূহ :<br>▪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ২০০৯ থেকে এ পর্যন্ত ডিজিটাল কনটেন্ট বিষয়ে ১ লক্ষ ৪৪ হাজার জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>▪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের “‘আই.সি.টি.র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প পর্যায়-২ শীর্ষক” প্রকল্পটির মাধ্যমে ৫ লক্ষ ২০ হাজার ৮২০ জন শিক্ষককে আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হবে; |

| ক্রমিক নং | গৃহীত পদক্ষেপসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | ▪ শিক্ষকদের তৈরি ডিজিটাল কনটেন্ট শেয়ারিং এর জন্য শিক্ষক বাতায়ন নামক একটি কনটেন্ট পোর্টাল তৈরি করা হয়েছে (www.teachers.gov.bd)। |
| ৪. | শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ | • মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে শিক্ষকগণকে ২০০৯ থেকে এ পর্যন্ত ১ লক্ষ ৮৩ হাজার ৭৬১ জনকে আই.সি.টি. বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>• বাংলাদেশ-কোরিয়া আই.সি.টি. ট্রেনিং সেন্টার ফর এডুকেশন (বি.কে.আই.টি.সি.ই.) এর আওতায় ২০০৯ হতে ২০১৮ পর্যন্ত ৮,৮০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ;<br>• উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউ.আই.টি.আর.সি.ই) এর আওতায় ২০১৬-২০১৮ পর্যন্ত ১৩৮,০০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ;<br>• নায়েমে ২০০৯ সাল হতে এ পর্যন্ত ২৫৬৫ জন শিক্ষককে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে; |
| ৫. | পাবলিক পরীক্ষার ফলাফল অনলাইনে প্রকাশ | জে.এস.সি., এস.এস.সি., এইচ.এস.সি, দাখিল, আলিম ও সমমানের পরীক্ষার ফলাফল ওয়েবসাইটে প্রকাশ, ই-মেইল এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে এবং এস.এম.এস. এর মাধ্যমে শিক্ষার্থীদের নিকট প্রেরণ করা হচ্ছে। |
| ৬. | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে সম্পন্ন | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের লক্ষে নিবন্ধন পরীক্ষার ফলাফল এবং শিক্ষক নিয়োগ প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। |
| ৭. | শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে ভর্তির কার্যক্রম | পাবলিক বিশ্ববিদ্যালয় এবং কলেজ ও স্কুল পর্যায়ে ভর্তির কার্যক্রমে অনলাইন পদ্ধতির ব্যবহার করা হচ্ছে। |
| ৮. | Online শিক্ষার্থী রেজিস্ট্রেশন | শিক্ষা বোর্ডসমূহের আওতায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সহজতর করার লক্ষ্যে Electronic Students Information Form (e-SIF) এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০১১ সালে হতে সকল শিক্ষা প্রতিষ্ঠানে e-SIF এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করা হচ্ছে। |
| ৯. | অনলাইনে পরীক্ষার ফরম পূরণ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের পরীক্ষার ফরম Electronic Form Fillup (e-FF) এর মাধ্যমে পূরণ করা হচ্ছে। |
| ১০. | অনলাইনে শিক্ষা প্রতিষ্ঠান জরীপ | • ব্যানবেইস হতে পোস্ট-প্রাইমারি সেক্টরে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের জরীপ অনলাইনে সম্পন্ন করা হচ্ছে।<br>• ব্যাবহারকারীগণের চাহিদা অনুযায়ী Online এর মাধ্যমে শিক্ষা তথ্য প্রেরণ করা হয়। |
| ১১. | অনলাইন এম.পি.ও. প্রক্রিয়াকরণ | সমগ্র বাংলাদেশের এমপিওভুক্ত প্রায় ২৭,০০০ (সাতাশ হাজার) শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল,কলেজ ও মাদ্রাসা) কর্মরত প্রায় ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) শিক্ষক-কর্মচারির বেতন ভাতা প্রক্রিয়াকরণ অনলাইনে করা হয়। |
| ১২. | অনলাইনে উপবৃত্তি প্রদান | অনলাইনের (মোবাইল) মাধ্যমে শিক্ষার্থীদের নিকট উপবৃত্তি প্রদান করা হচ্ছে। |
| ১৩. | কম্পিউটার ল্যাব ও আই.সি.টি. ও ই-লার্নিং সেন্টার স্থাপন | ▪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২০০৯ থেকে এ পর্যন্ত নির্বাচিত শিক্ষাপ্রতিষ্ঠানে ৩২,৬৬৭টি মাল্টিমিডিয়া |

| ক্রমিক নং | গৃহীত পদক্ষেপসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | ক্লাসরুম এবং ১০৮৩টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়াও ৩১টি ডিজিটাল ল্যাংগুয়েজ ল্যাবরেটরি, ৬৪০ টি আই.সি.টি. লার্নিং সেন্টার এবং ৫০টি ক্লাস্টার সেন্টার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন করা হয়েছে। |
| ১৪. | উপজেলায় আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার স্থাপন | • ব্যানবেইসের অধীনে কোরিয়ান এক্সিম ব্যাংকের সহায়তায় Upazila ICT Training and Resource Centre for Education (U.I.T.R.C.E.) প্রকল্পের আওতায় দেশের ১২৫টি উপজেলায় আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার স্থাপন করা হয়েছে;<br>• এষ্টাবলিষ্টমেন্ট অব ইন্টিগেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিষ্টেম (I.E.I.M.S.) শীর্ষক প্রকল্প ৬ষ্ট-১০ম শ্রেণীর সকল ছাত্র-ছাত্রীকে Unique ID (U.ID.) প্রদান করা হবে;<br>• ব্যানবেইসে ডিজিটাল মাল্টিমিডিয়া সেন্টার স্থাপন করা হয়েছে। |
| ১৫. | Bangladesh Research and Education Network স্থাপন | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর আওতায় Higher Education Quality Enhancement Project (H.E.Q.E.P.) এর মাধ্যমে ৩৫টি বিশ্ববিদ্যালয়ে Bangladesh Research and Education Network (BdREN) স্থাপন করা হয়েছে; |
| ১৬. | মাধ্যমিক ও কারিগরি শিক্ষায় কম্পিউটার বিষয় আবশ্যকীকরণ | • ২০০৯ সাল হতে এস.এস.সি. ভোকেশনাল শিক্ষাক্রমে কম্পিউটার বিষয়টি নবম ও দশম শ্রেণীর জন্য আবশ্যকীয় করা হয়েছে;<br>• মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থীদের জন্য কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে;<br>• বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর জনবল কাঠামো এবং এম.পি.ও নীতিমালা-২০১৮ জারীর ফলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক স্তরে আইসিটি শিক্ষকদের এমপিও প্রদানের বিষয়টি উন্মুক্ত করা হয়েছে। এছাড়াও আইসিটি ল্যাব সংরক্ষণের জন্য কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) পদ সৃষ্টি করা হয়েছে। ফলে শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ার ক্লাসের ব্যবহার বৃদ্ধি এবং কম্পিউটার ল্যাব ব্যবহারে করে শিক্ষার্থীরা উপকৃত হবে। |
| ১৭. | শিক্ষার সকল স্তরে আই.সি.টি. প্রবর্তনের লক্ষ্যে আই.সি.টি. ইন এডুকেশন মাস্টার প্লান প্রণয়ন | শিক্ষা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে একটি যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে আই.সি.টি. ইন এডুকেশন মাস্টার প্লান প্রণয়ন করা হয়েছে। |

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি ক্লাস রুমকে মাল্টিমিডিয়া ক্লাসরুমে রূপান্তর;

- মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন;

- সকল পাঠ্যপুস্তকের ইন্টারএকটিভ ডিজিটাল টেক্সটবুক তৈরি;

- সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট তৈরি;

- শিক্ষা বোর্ডসমূহের অফিস অটোমেশন কার্যক্রম বাস্তবায়ন;

- ব্যানবেইসের আওতায় ২য় পর্যায়ে ১৬০টি উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার স্থাপন এর কার্যক্রম চলমান রয়েছে। ৩য় পর্যায়ে ২০৭টি উপজেলায় আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার স্থাপন;

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠান এবং অফিসসমূহে আই.সি.টি. বিষয়ক সমস্যা সমাধানের জন্য আই.সি.টি. হেল্প ডেস্ক এবং কল সেন্টার স্থাপন ;

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষককে আই.সি.টি. প্রশিক্ষণের আওতায় আনা;

- সমন্বিত শিক্ষা ব্যবস্থাপনা সিস্টেম উন্নয়ন।